

## সেবা সমূহঃ-

১। জরুরী সেবা(২৪ ঘন্টা)(যোগাযোগ-০৩১২৫২০২২৪) বন্দর কর্মকর্তা-কর্মচারীদের জন্য।

- i) ইমারজেন্সী আগত চবক এর কর্মকর্তা/কর্মচারী এবং বহিরাগত রোগীদের ডায়রিয়া ও দুর্ঘটনাক্ষেত্রে হলে জরুরী প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করা হয়।
- ii) ইনডোর- শুধুমাত্র চবক এর কর্মকর্তা/কর্মচারীদের জন্য।

২। অন্যান্য সেবা সমূহঃ

### ক) ডায়াগনষ্টিক পরীক্ষা সমূহঃ

- i) প্যাথলজী(শুধুমাত্র চবক এর কর্মকর্তা/কর্মচারীর জন্য)
- ii) USG (শুধুমাত্র ইনডোরে ভর্তি রোগীর জন্য)
- iii) এক্সের এবং রেডিওলজী
- iv) DOTS (যক্ষা রোগীর চিকিৎসার জন্য)- চবক হাসপাতালে একটি ডট্স কর্ণার আছে। এখানে যক্ষা রোগ নির্ণয়ের জন্য প্রয়োজনীয় কফ ও রক্ত পরীক্ষার ব্যবস্থা আছে। ঔষধ প্রদানের মাধ্যমে যক্ষা রোগীদের নিয়মিত চিকিৎসা করা হয়।

### খ) শ্বাগার বা মরচুয়ারী(Mortuary)

গ) এস্বল্যান্সঃ- i) এস্বল্যান্স, ii)আই. সি.ইউ এস্বল্যান্স

ঘ) মেডিসিন ষ্টোর (বিনামূল্যে চবক এর কর্মকর্তা/কর্মচারীদের ঔষধ সরবরাহ করা হয় )

### ঙ) টিকাদান কর্মসূচি-

- i) ইপিআই- চবক হাসপাতাল ও সিটি কর্পোরেশন এর যৌথ উদ্যোগে একটি টিকা কেন্দ্র চালু রয়েছে। যেখানে চবক এর কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের পোষ্যদের এবং এলাকায় বসবাসকারী জনসাধারণের ছেলে-মেয়েদের ডিপথেরিয়া, হেপাটাইটিস বি, নিউমোনিয়া, হপিং কফ, পোলিও, হাম ও যক্ষারোগের টিকা প্রদান করা হয়।
- ii) অন্যান্য -চবক হাসপাতালে চবক এর মহিলা কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের পোষ্যদের জরায়ু-মুখের ক্যান্সারের টিকা প্রদান করা হয়।

### চ) অপারেশন থিয়েটার-

চবক হাসপাতালে ০৩টি অপারেশন থিয়েটার রয়েছে। এখানে সার্জারী, গাইনী ও অবস্টেট্রিক্যাল মেজের/মাইনর অপারেশন (যেমন কলিসিষ্টেকটমি, এপেন্টিসেকটমি, ল্যাপারোটমি, হাইড্রোসিল, হার্ণিয়া, সিজারিয়ান সেকশন, হিসটোরেকটমি এবং টনসিলেকটমি, এস, এম.আর ইত্যাদি) করা হয়।

### ছ) ব্লাড ব্যাংক-

বাধ্যতা মূলক ০৫ টি স্ক্রিনিং পরীক্ষা (হেপাটাইটিস বি, হেপাটাইটিস সি, এইডস, সিফিলিস, ম্যালেরিয়া) ছাড়াও হেপাটাইটিস “ই” ভাইরাস স্ক্রিনিং এর মাধ্যমে রোগীদের রক্ত সরবরাহ করা হয়।

### জ) রোগীর পথ

(ভর্তিকৃত রোগীদের জন্য) হাসপাতালের অন্তঃবিভাগে ভর্তিকৃত কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পোষ্যদের খাদ্য-পথ্য হাসপাতাল কর্তৃপক্ষ সরবরাহ করে থাকেন।

### ঝ) ওয়াশিং প্ল্যান্টঃ-

অত্র হাসপাতালে একটি ওয়াশিং প্ল্যান্ট রয়েছে। যেখানে রোগীদের ব্যবহৃত সকল কাপড়াদি (বিছানার চাদর, বালিশের কভার, মশারি, পর্দা ইত্যাদি) নিপুনভাবে ধোত করার পর রোগীদের প্রয়োজনে সরবরাহ হরা হয়।

### ঞ) ডায়ালাইসিস সেন্টারঃ

বন্দরের কিডনীর জটিল সমস্যায় আক্রান্ত রোগীদের বিনামূল্যে ডায়ালাইসিস সুবিধা প্রদান করা হয়।

### ট) স্যানিটেশন কার্যক্রমঃ-

চৰক হাসপাতালে একজন মেডিক্যাল সুপারিনিউন্ডেন্ট এর অধীনে একটি স্যানিটেশন শাখা রয়েছে। এ শাখার মাধ্যমে চৰক এর বিভিন্ন দপ্তর, আবাসিক, অনাবাসিক এলাকা সমূহে স্যানিটেশন এবং এন্টি ম্যালেরিয়া কার্যক্রম পরিচালনা করা হয়।

### প্রস্তাবিত সেবা সমূহঃ-

নবনির্মিত হাসপাতাল ভবন নির্মাণ শেষ হলে পর্যায়ক্রমে উক্ত হাসপাতালে

i) আই.সি.ইউ                    ii) সি.সি.ইউ iii) এইচ.ডি.ইউ                    iv) শিশু ওয়ার্ড

v) ট্রামা সেন্টার                    vi) এম.আর.আই, সিটি স্ক্যান মেশিন সংগ্রহের পরিকল্পনা রয়েছে।